

"Is supermarket meat Halal ?" নামে চমৎকার একটি লেখা পড়লাম। তথ্যপূর্ণ লেখাটি ফরোয়ার্ড করার জন্য ধন্যবাদ। জবাই করা ছাড়া মাংস খাওয়া যায়না - আমিও তাই বিশ্বাস করি। তবে আমার পরিচিত অনেকেই এ ব্যাপারে ভিন্নমত পোষন করতে দেখেছি। তাদের মধ্যে অনেকেই আছেন বেশ ধার্মিক। আমি পোর্টল্যান্ডে একজনকে এ ব্যাপারে জিজ্ঞেস করি, 'আমি জানি যে আমরা আহলে কিতাবীদের খাবার খেতে পারি কিন্তু সুরা মায়েরদার ৩ নং আয়াত অনুযায়ী তো আমরা জবাই ছাড়া মাংস খেতে পারিনা।' তিনি উত্তর দিলেন, 'ওটা সম্পূর্ণ ইসলামিক পরিবেশের ক্ষেত্রে প্রযোজ্য।' অর্থাৎ এখানে তা খাওয়া যাবে!! কি জানি আমিই ভুল বুঝেছি, না কি উনারা তাই বিশ্বাস করেন। বিশেষত ইজিপশিয়ানদের অনেকেই প্রচলিত মাংস খেয়ে থাকেন।

ইদানিং অন্য একটি সাইটে শুধু সদালাপকে নিয়েই নয় বরং তাদের লেখকদের প্রতিও আক্রমণ শুরু হয়েছে। 'বেকুব', 'রামছাগল' ইত্যাদি উপাধি দেয়া হচ্ছে। এমন কি আমার প্রসঙ্গেও লেখা হয়েছে আমি নাকি লেখা ছাপা না হওয়ার জন্য হা হতাশ করে মরে যাচ্ছি। নকল যে আমাদের শিক্ষা ব্যবস্থাকে কিভাবে গ্রাস করেছে তা সহজেই অনুমেয়। কারণ আমি লেখা ছাপা না হওয়ার জন্য কোনো অভিযোগ করিনি। 'সব লেখা ছাপানো হয়' - এই বক্তব্যটির বিরুদ্ধে ছিলো আমার অভিযোগ। পরিষ্কার ভাবে আমি তাই লিখেছিলাম। ক্লাশ ফাইভের বালকের কাছেও তা বোধগম্য হওয়া উচিত ছিলো।

খুব ভাল লেখা আমি লিখিনা তবে আমার লেখা পাঠানোর মত ফোরামের অভাব এখনও হয় নি। বহু ফোরামে আমি লিখে থাকি যারা এ দাবী কখনই করেনা যে, তাদের ফোরাম সব লেখা প্রকাশ করে থাকে।

আজ আর নয়। রোজার শুভেচ্ছার পাশাপাশি ঈদের শুভেচ্ছাও রইল সবার জন্য।

ফাহিমদা রহমান